**পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ**
**পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ
ফোন ঃ অফিস-০৪৪২৭-৫৬০১৮
ফোন ঃ (পিএবিএক্স)ঃ ০৪৪২৭-৫৬০১৪-এক্স.২৫৯
ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২/৫৬০০৯

**Planning, Development and Works Division**
**Patuakhali Science and Technology University**
Dumki, Patuakhali-8660, Bangladesh.
Phone: 04427-56018, Cell: 01711-593394
Phone: (PABX): 04427-56014-Ext. 259
Fax: 04427-56112/56009
E-mail: directorplanning@pstu.ac.bd
Website: www.pstu.ac.bd

স্মারক নং- পবিপ্রবি/পউওবি/২০০/২০২৫-২০২৬/১৬০১ তারিখ ঃ ০৪.১২.২০২৫খ্রি.

## নতুন ঠিকাদার তালিকাভুক্তির আদেশ

**বিষয় ঃ ক/খ শ্রেণির ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি প্রসঙ্গে।**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কার্য নির্বাহের লক্ষ্যে পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগের অধীনে গঠিত "তালিকাভুক্তি কমিটি" কর্তৃক নিম্নবর্নিত প্রতিষ্ঠানকে ক/খ শ্রেণির ঠিকাদার হিসেবে ২০২৫-২০২৬ অর্থ বছরে তালিকাভুক্তির জন্য বর্নিত শর্তসাপেক্ষে প্রাথমিক ভাবে নির্বাচিত করা হলো:

| ক্রঃ নং | প্রতিষ্ঠান/ ঠিকাদারের নাম ও ঠিকানা | মোবাইল ও ইমেল নং | শ্রেণী |
|---|---|---|---|
| | | | |

**শর্তাবলী:**

ক) তালিকাভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদার অন্য কোন সংস্থায় কালো তালিকাভুক্ত হয়ে থাকলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে এ তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।

খ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদার পবিপ্রবি'র পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগের সংশ্লিষ্ট পরিচালকের কার্যালয়ে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি আদেশের মূল কপি, ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট, ও জাতীয় পরিচয়পত্রের কপি প্রদর্শনপূর্বক তালিকাভুক্তি ফি জমা প্রদান করবেন এবং কাগজপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ, পবিপ্রবি বরাবর জমা দিবেন।

গ) নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদারকে আগামী ৩০ শে ডিসেম্বর ২০২৫ইং তারিখের মধ্যে পুরুষ প্রোপ্রাইটরদের তালিকাভুক্তি ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) ও ভ্যাট ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং নারী প্রোপ্রাইটরদের তালিকাভুক্তি ফি ৩,০০০.০০ (তিন হাজার) এবং ভ্যাট ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা যে কোন তফসিল ব্যাংক হতে উক্ত টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেজিস্ট্রার, পবিপ্রবি বরাবর প্রদান করতে হবে। মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ৫০% (পঞ্চাশ ভাগ) জরিমানায় ও পরবর্তী আরও ১৫ (পনের) দিনের মধ্যে ১০০% (একশত ভাগ) জরিমানাসহ তালিকাভুক্তি ফি রেজিস্ট্রার, পবিপ্রবি বরাবর জমা প্রদান করে রশিদ গ্রহন করতে হবে এবং ফি জমাদানের সময় সরকারি বিধি মোতাবেক ভ্যাট প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোনো প্রতিষ্ঠান/ঠিকাদার তাদের তালিকাভুক্তি ফি জমা প্রদান না করলে এ আদেশ সরাসরি বাতিল বলে গন্য হবে।

ঘ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদার কর্তৃক দাখিলকৃত কোন তথ্যাদি বা দলিল জাল প্রমানিত হলে কর্তৃপক্ষ এই তালিকাভুক্তি বাতিলসহ পিপিআর, ২০২৫ এর বিধান অনুসারে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারবেন।

ঙ) অত্র বিশ্ববিদ্যালয়ে তালিকাভুক্ত প্রতিষ্ঠান/ঠিকাদারের নামে "ক" ও "খ" শ্রেণির মধ্যে যেকোন একটি লাইসেন্স থাকবে । নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদারের নামে এ লাইসেন্স ইস্যুর ইতোপূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ে কোনো ঠিকাদারী লাইসেন্স (ক/খ) থেকে থাকে এবং তা প্রতিষ্ঠান/ঠিকাদার কর্তৃক সমর্পন (সারেন্ডার) করা না হয় তবে উভয় লাইসেন্স বাতিল বলে গন্য হবে।

চ) বিধি মোতাবেক প্রতিষ্ঠান/ঠিকাদারগনকে প্রতি বছর অত্র বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ হতে লিখিত অনুমতি নিয়ে ( যদি তার কাজে সন্তুষ্ট থাকেন) পবিপ্রবি'র, হিসাব শাখায় পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে নবায়ন ফি জমা দিতে হবে, নবায়ন ব্যতিত কোন দরপত্রে অংশগ্রহণ করা যাবে না। পরিচালক তার প্রতিষ্ঠান কর্তৃক কাজে সন্তুষ্ট না হলে নবায়ন স্থগিত করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

ছ) পর পর ০৩ (তিন) বছর তালিকাভুক্তির লাইসেন্স নবায়ন না করলে তালিকাভুক্তি বাতিল বলে গন্য হবে।

জ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদারগন তার/তাদের নির্ধারিত তালিকাভুক্তি ফি জমা প্রদানের জন্য রশিদের মূল কপি, তালিকাভুক্তির মূল কপি এবং স্বত্তাধিকারীর ০২(দুই) কপি সত্যায়িত ছবি, আয়কর, ভ্যাট, ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্ররে কপি সংশ্লিষ্ট পরিচালকের মাধ্যমে দাখিলপূর্বক রেজিষ্ট্রেশন বহির ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা পবিপ্রবি'র হিসাব শাখায় রশিদের মাধ্যমে জমা প্রদান করে রেজিষ্ট্রেশন বহি ( ব্লু-বুক) গ্রহন করবেন।

ঝ) তালিকাভুক্তি ফি জমা প্রদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে আবশ্যিকভাবে রেজিষ্ট্রেশন বহি সংগ্রহ করতে হবে। রেজিষ্ট্রেশন বহি ব্যতিরেকে এ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোন দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই।

ঞ) নির্বাচিত প্রতিষ্ঠান/ঠিকাদার PPA-2006 এবং PPR- ২০২৫ অনুযায়ী প্রদত্ত সকল সরকারী নির্দেশনা/ বিধি-বিধান ও আর্থিক ক্ষমতা অনুযায়ী উন্নয়ন কাজের দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

০৪.১২.২০২৫

(মোঃ ওবায়েদুল ইসলাম)
পরিচালক (চুক্তিভিত্তিক)
পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ

**সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. প্রো-ভাইস চ্যান্সেলর, পবিপ্রবি;
২. ট্রেজারার, পবিপ্রবি;
৩. রেজিস্ট্রার, পবিপ্রবি;
৪. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, পবিপ্রবি;
৫. বিশ্ববিদ্যালয় প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, পবিপ্রবি;
৬. পরিচালক (অঃ দাঃ), আইসিটি সেল, পবিপ্রবি (পবিপ্রবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৭. উপ-রেজিস্ট্রার, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ, পবিপ্রবি;
৮. উপ-পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ, পবিপ্রবি;
৯. একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর কার্যালয়, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে,পবিপ্রবি;
১০. জনাব সুইন আহমেদ, সহকারী রেজিস্টার, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ, পবিপ্রবি;
১১. সকল নোটিশ বোর্ড, পবিপ্রবি;
১২. সংশ্লিষ্ট নথি এবং মহানথি।